গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা-১ শাখা
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
www.ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০৮৪.৯৯.০২৭.১৮. তারিখ: ৯ চৈত্র ১৪২৬ / ২৩ মার্চ ২০২০

বিষয়: দেশে করোনা ভাইরাস সংক্রমণ সংক্রান্ত উদ্ভূত পরিস্থিতিতে কারাবন্দিদের জন্য কারাগারসমূহে জরুরি ফোন বুথ স্থাপন ও ফোনে কথা বলার অনুমতি প্রদান।

সূত্র : কারা অধিদপ্তরের স্মারক নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০১৪.২০২০- ২২৮ তারিখ: ২৩.৩.২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস সংক্রমণ সংক্রান্ত উদ্ভূত পরিস্থিতিতে কারাবন্দিদের পরিবারের সাথে যোগাযোগ বজায় রাখতে কারাগারসমূহে আপদকালীন সময়ে জরুরি ফোন বুথ স্থাপন ও ফোনে কথা বলার অনুমতি নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হলো:

<u>শর্তাবলী</u>

১. কথা বলার সময় প্রতিদিন সকাল ৯:০০ ঘটিকা থেকে দুপুর ১২:০০ ঘটিকা এবং বিকাল ০১:০০ ঘটিকা থেকে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত;

২. প্রতি ২৫০ জন বন্দির জন্য একটি করে ফোন ব্যবহার করতে হবে;

৩. প্রত্যেক বন্দি একবারে সর্বোচ্চ ৫ মিনিট কথা বলতে পারবে। ফোন বুথ স্থাপন ও সুবিধা তৈরির জন্য আনুষঙ্গিক খরচ কারা ক্যান্টিনের লভ্যাংশ হতে প্রাপ্ত কল্যাণ ফান্ড থেকে নির্বাহ করা হবে এবং কল খরচ প্রতি মিনিটের জন্য ১ (এক) টাকা হারে ৫ (পাঁচ) মিনিটের জন্য ৫ (পাঁচ) টাকা বন্দির পিসি থেকে কর্তন করা হবে;

৪. প্রত্যেক বন্দি শুধুমাত্র পরিবারের সদস্যদের (বাবা/মা/ভাই/বোন/স্বামী/স্ত্রী/সন্তান) সাথে সপ্তাহে ১ (এক) দিন ফোনে কথা বলতে পারবে;

৫. শুধুমাত্র দেশীয়/স্থানীয় নম্বরে ফোন করা যাবে কিন্তু কোনো বিদেশী বা অস্বাভাবিক নম্বরে ফোন করা যাবে না;

৬. শুধু আউটগোয়িং কল করা যাবে কিন্তু কোন ইনকামিং কল রিসিভ করা যাবে না;

৭. জেএমবি ও দুর্ধর্ষ/নৃশংস অপরাধ/চাঁদাবাজি মামলায় অভিযুক্ত বন্দি এই সুবিধার আওতা বহির্ভূত থাকবে;

৮. বন্দিদের ফোনে কথোপকথনের সময় ডেপুটি জেলার/প্রধান কারারক্ষী/সহকারী প্রধান কারারক্ষীর সার্বক্ষণিক উপস্থিতি নিশ্চিত করতে হবে;

৯. মহিলা বন্দিদের কথা বলার সময় মহিলা কারারক্ষী উপস্থিত থাকবে;

১০. কারা বন্দিরা নিজে কোনো ফোন নম্বরে ডায়াল করবে না, দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী ফোন নম্বরে ডায়াল করবে;

১১. কারা বন্দিদের ফোনে কথোপকথনের বিস্তারিত তথ্য (যেমন- কথা বলার সময়, কোন নম্বরে কথা হয়েছে, কার সাথে কথা হয়েছে ইত্যাদি তথ্য) রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে;

১২. মোবাইল ফোন এর ডিউটি ইনচার্জ সকল প্রকারের ডাটা/তথ্য রেজিস্টারে অন্তর্ভুক্তকরণ পূর্বক ক্লোজিং বিবরণীসহ যথাসময়ে সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কারা কর্তৃপক্ষের প্রতিস্বাক্ষর গ্রহণ করবেন;

১৩. কোনো স্মার্ট ফোন বা ইন্টারনেট সুবিধাযুক্ত ফোন ব্যবহার করা যাবে না;

<u>অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য</u>

১৪. ফোনে কথোপকথনের জন্য ফোন সেট হিসাবে কোন মোবাইল ফোন সেট নয়, বরং সিম কার্ড ব্যবহার করার সুবিধাযুক্ত ল্যান্ড ফোন সেট ব্যবহার করার পরামর্শ দেয়া হলো; বর্ণিত ল্যান্ড ফোন সেট সুলভ না হলে শুধুমাত্র বেসিক ফোন (বাটন ফোন) সেট ব্যবহার করা যাবে;

১৫. কোনো অবোধগম্য বা সাংকেতিক ভাষায় কথা বলা যাবে না। ধর্মীয় বা রাজনৈতিক বিষয়ে কোন আপত্তিকর কথাবার্তা বা রাষ্ট্রবিরোধী/কারা নিরাপত্তা/জননিরাপত্তা বিঘ্নিত করার মতো যেকোন ধরণের আলোচনা করার চেষ্টা করলে দায়িত্বরত কর্মকর্তা/কর্মচারী সংশ্লিষ্ট বন্দিকে তাৎক্ষণিক নিবৃত্ত করতঃ রিপোর্ট করবে;

১৬. জরুরি এই ফোন সেবার কোনো রকম অনিয়ম/অপব্যবহার যেন না ঘটে সে ব্যাপারে কারাগারের জেল সুপার ও জেলারসহ সংশ্লিষ্ট সকলকে ব্যক্তিগতভাবে দায়িত্বশীল ও সতর্ক থাকতে হবে।

২৩/০৩/২০২০
(মোঃ মনিরুজ্জামান)
উপসচিব
ফোন: ৯৫৫০০১৭
E-mail:jail1@ssd.gov.bd

কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর
ঢাকা

## কারা অধিদপ্তর, ঢাকা

পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০০১.২০২০-২২৯ (১১০)

তারিখ : ০৯ চৈত্র ১৪২৬ / ২৩ মার্চ ২০২০

কারা-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং-৫৮.০০.০০০০.০৮৪.৯৯.০২৭.২০১৮-২১২ তারিখ: ২৩ মার্চ ২০২০ এর অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

**(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। বিভাগীয় কমিশনার, সকল
২। কারা উপ মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা;
৩। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ;
৪। প্রকল্প পরিচালক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা;
৫। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ একডেমী, রাজশাহী;
৬। জেলা প্রশাসক, সকল
৭। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার;
৮। সহকারী কারা মহাপরিদর্শক, সকল, কারা অধিদপ্তর, ঢাকা;
৯। পরিচালক ইনচার্জ, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা।
১০। প্রশাসনিক কর্মকর্তা-১/২, বাজেট অফিসার/স্টাফ অফিসার/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা;
১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রিজন ইন্টিলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা;
১২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা; **বিবেচ্যপত্রটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো;**
১৩। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা;
১৪। কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা;**বিষয়টি কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে; এবং**
১৫। গার্ড ফাইল।

২৬/৩/২০২০
মোঃ আবরার হোসেন
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোনঃ ৫৭৩০০২২২ (দপ্তর)।
addl.ig@prison.gov.bd